



নং-শা-২/০৫/শিক্ষা

তারিখঃ ০৪-০২-২০২৫

বোর্ড বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অনলাইনে এন্ট্রি তথ্য প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে স্নাতক পর্যায়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (লেভেল-১, সেমিস্টার-১) এ ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ড হতে বৃত্তির জন্য মেধা/সাধারণ কোটায় নির্বাচিত হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আগামী ২০-০২-২০২৫ তারিখের মধ্যে শিক্ষা বিষয়ক শাখার ওয়েবসাইট (<https://aca.bau.edu.bd>) এ **Scholarship.....Application From Apply Now** বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র **Single PDF file** আকারে আপলোড করতে হবেঃ

১. সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীদের নাম রয়েছে সেই পাতায় শিক্ষার্থীর নাম চিহ্নিত করে)।
২. কলেজের প্রত্যয়নপত্রের কপি।

নির্দেশনাবলীঃ

১. বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
২. শিক্ষার্থীদের নিজ ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/ অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না।
৩. শিক্ষার্থীদের নাম ও অনলাইন ব্যাংক হিসাব নাম অভিন্ন হতে হবে।
৪. অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩/১৭ ডিজিটের মধ্যে হতে হবে।
৫. বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।
৬. বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
৭. ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
৮. ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে।

স্বাঃ/-

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)

তারিখঃ ০৪-০২-২০২৫

মেমো নং শা-২/০৫ (২৬)/শিক্ষা

সদয় অবগতি ও প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো :

১. ডিন,.....অনুষদ।
২. প্রভোস্ট,.....হল।
৩. পরিচালক, আইসিটি সেল, বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৪. ওএসডি, ভাইস-চ্যান্সেলর সচিবালয়, মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

০৪/০২/২০২৫
এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা)